

## 71330 - ডান হাতে ঘড়ি পরা কি সুন্নাহসম্মত?

### প্রশ্ন

এক ব্যক্তি আমাকে ডানহাতে ঘড়ি পরার উপদেশ দেন এই দলিলের ভিত্তিতে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ডানের প্রতি উদ্বুদ্ধ করতেন। এটা কি সঠিক?

### প্রিয় উত্তর

ঘড়ি ডানহাতে বা বামহাতে পরতে কোন আপত্তি নেই। ব্যক্তির জন্য যেটি সহজতর সেটি তিনি নির্বাচন করতে পারেন। এর কোনটিকে সুন্নাহ পরিপন্থী বলা যাবে না।

শাইখ আব্দুল আযিয বিন বায (রহঃ) বলেন:

“আংটির মত ঘড়ি ডানহাতে কিংবা বামহাতে পরতে কোন আপত্তি নেই। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সাব্যস্ত হয়েছে যে, তিনি ডানহাতে ও বামহাতে আংটি পরেছেন।”[সমাণ্ড][ফাতাওয়া ইসলামিয়া (৪/২৫৫)]

শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উছাইমীন (রহঃ) বলেন:

“ডানহাতে ঘড়ি পরা বামহাতে ঘড়ি পরার চেয়ে উত্তম নয়। কেননা ঘড়ির বিষয়টি আংটির কাছাকাছি। এ কারণে ঘড়ি ডানহাতে পরা কিংবা বামহাতে পরার মধ্যে কোন পার্থক্য নেই। কিন্তু নিঃসন্দেহে বামহাতে পরা মানুষের জন্য সহজতর— পরার দিক থেকে এবং ঘড়ি-দেখার দিক থেকে। তাছাড়া বেশিরভাগ ক্ষেত্রে বামহাতে ঘড়ি পরাটা অধিক নিরাপদ। কেননা ডানহাতে বেশি কাজ করা হয়। তাই সেটি অধিক ঝুঁকিপূর্ণ।

এ বিষয়টিতে প্রশস্ততা রয়েছে। তাই এ কথা বলা যাবে না যে, ডানহাতে পরা সুন্নত। কেননা হাদিসে ডানহাতে ও বামহাতে আংটি পরার বিষয়টি উদ্বুদ্ধ হয়েছে। ঘড়ি আংটির সাথে অধিক সাদৃশ্যপূর্ণ।”[সমাণ্ড]

[আল-শারহুল মুমতি (৬/১১০)]

আল্লাহ্ই সর্বজ্ঞ।